গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

**জীবন বীমা কর্পোরেশন**

প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা।
ওয়েবসাইট: www.jbc.gov.bd, ই-মেইল: info@jbc.gov.bd

# "জীবন বীমা কর্পোরেশনের" জন্য স্মার্ট বাংলাদেশ কর্মপরিকল্পনা প্রতিবেদন

বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্ণ হলো ২০২১ সালে। জাতির পিতা স্বাধীনতার স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী শেখ মুজিবুর রহমানের ১০০তম জন্মবার্ষিকী উদযাপিত হয়েছে। স্বাধীনতার পর জীবন বীমার সুফল দেশের সাধারণ জনগণের কাছে পৌঁছে দেয়ার উদ্দেশ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯৭২ সনে রাষ্ট্রপতির ৯৫নং আদেশবলে) বাংলাদেশের বীমা শিল্প জাতীয়করণ করেন। বীমা শিল্প জাতীয়করণের পর জীবন বীমা ব্যবসায় নিয়োজিত তদানীন্তন ৩৭টি কোম্পানীর সম্পদ ও দায়-দেনা নিয়ে প্রথমে সুরমা ও রূপসা নামে ২টি জীবন বীমা কর্পোরেশন প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীতে উল্লিখিত কর্পোরেশনদ্বয়ের সমন্বয়ে ১৯৭৩ সালের ৬ নং আইন বলে জীবন বীমা কর্পোরেশন প্রতিষ্ঠা করা হয়। প্রতিষ্ঠালগ্ন থেকে জীবন বীমা কর্পোরেশন উহার ব্যবসায়িক কর্মকান্ড দ্বারা অভ্যন্তরীণ পুঁজি সংগ্রহ, জনসাধারণের মাঝে জীবন বীমা সম্পর্কে আগ্রহ ও সচেতনতা বৃদ্ধি এবং সঞ্চয়ের মনোভাব গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

**কর্পোরেশনের উদ্দেশ্যাবলী:**

জীবন বীমা কর্পোরেশন একমাত্র রাষ্ট্রায়ত্ত জীবন বীমা প্রতিষ্ঠান হিসেবে নিম্নোক্ত উল্লেখযোগ্য উদ্দেশ্যাবলী বাস্তবায়নে এর কর্মকান্ড পরিচালনা করছে:

(১) সাশ্রয়ী মূল্যে জীবন বীমার সুফল জনগণের কাছে পৌঁছে দেয়া।

(২) দেশের অর্থনৈতিক উন্নয়নে মূলধন সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন স্কিমের মাধ্যমে সঞ্চয়ের গতিশীলতা তৈরী করা।

(৩) স্বল্প মূল্যে বীমা গ্রাহকদের সর্বোচ্চ সুবিধা প্রদানের সুযোগ সৃষ্টি।

(৪) সচেতনতার মাধ্যমে জনগণের মধ্যে সঞ্চয়ের অভ্যাসের মনোভাব তৈরী করা।

(৫) সকল পেশার জনগণের জন্য উপযোগী বীমা স্কিম প্রবর্তন করা।

**কর্পোরেশনের ভিশন ও মিশন:**

ভিশন: সকল শ্রেণি পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা।

মিশন: জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন যাত্রার মান উন্নয়ন এবং পুঁজি গঠনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণ।

**জীবন বীমা কর্পোরেশনে ডিজিটাইজেশন:**

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নেতৃত্বে ১৯৭১ সালে দেশের সর্বস্তরের জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে স্বাধীনতার দাবিতে রক্তক্ষয়ী সংগ্রামে অবতীর্ণ বাঙালী জাতির অগণিত আত্মত্যাগ ও সম্ভ্রমের বিনিময়ে ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর জন্ম হয় স্বাধীন ভূখন্ড বাংলাদেশ। বঙ্গবন্ধুর নেতৃত্বে বিশ্ব দরবারে বাঙালি জাতি অর্জন করে নিজস্ব মানচিত্র, জাতিস্বত্ত্বা এবং লাল-সবুজের পতাকা। জাতি আজ পালন করছে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ'। জাতির পিতার দূরদর্শী রাজনৈতিক প্রজ্ঞায় মাত্র সাড়ে ৩ বছরে তিনি যে ভিত রচনা করে দিয়ে গেছেন, তাঁরই সুযোগ্যা কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নের্তৃত্বে বাংলাদেশ আজ অর্থনৈতিক, সামাজিক ও মানবিক উন্নয়নের বিভিন্ন সূচকে ঈর্ষণীয় অগ্রগতি সাধন করে উৎপাদন ও উন্নয়নের রোল-মডেল হিসেবে বিশ্বের মানচিত্রে নিজেদের প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছেন। স্বল্প উন্নত দেশ হতে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশের মর্যাদায় অধিষ্ঠিত। সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সরকার ইতোমধ্যে রুপকল্প-২০২১ এবং রুপকল্প-২০৪১ ঘোষণা করেছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নয়ন সমৃদ্ধ দেশ গড়ার জন্য বঙ্গবন্ধু কণ্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। উন্নয়নের ধারাবাহিকতায় জীবন বীমা কর্পোরেশন ব্যবসায় উন্নয়নকল্পে প্রতি বছরই উল্লেখযোগ্য সংখ্যক বীমা এজেন্ট ও উন্নয়ন কর্মকর্তা নিয়োগের মাধ্যমে দেশের বেকার সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

১৯৭৩ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর হাত ধরে কম্পিউটার ব্যবস্থা নিয়ে জীবন বীমা কর্পোরেশন যাত্রা শুরু করে। বিগত ২০০৯ সাল হতে জীবন বীমা কর্পোরেশন ব্যাকএন্ড টেকনলোজি (ডাটাবেস) হিসেবে ওরাকল ব্যবহার করে আসছে। পরবর্তীতে আর কোন আপডেট করা হয়নি। বর্তমানে, সিস্টেম আপগ্রেড করে বহুবিধ সুবিধা সম্বলিত 'ই-ইন্স্যুরেন্স সিস্টেম' চালু হয়েছে। এর মাধ্যমে ইতোমধ্যে কর্পোরেশন গ্রাহক বান্ধব ই-সেবা প্রদান করে আসছে, যার ফলশ্রুতিতে বীমা সম্পর্কে গ্রাহকগণের আস্থা বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য যে, জীবন বীমা কর্পোরেশনের অধিকাংশ ব্যবসায়িক কার্যক্রম সফটওয়্যার সিস্টেম এর মাধ্যমে সম্পাদিত হচ্ছে।

এছাড়া, "জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮" এর স্বল্প মেয়াদী (২০২১ সাল) পরিকল্পনার কৌশলগত বিষয়বস্তু ৩.৩.২ এর নির্দেশনা অনুসারে কর্পোরেশনের নিজস্ব জনবলের সাহায্যে ইতোমধ্যে বিভিন্ন ব্যাংক ও মোবাইল ফিনেন্সিয়াল সার্ভিস এর মাধ্যমে এপিআই অন্তর্ভুক্ত করে অর্থ লেনদেন এর কার্যক্রম চলমান আছে। অধিকন্তু মন্ত্রীপরিষদ বিভাগ, এটুআই, এফআইডি, আইডিআরএ এর নির্দেশনা অনুসারে বিভিন্ন ডিজিটাল কার্যক্রম গ্রহণ, সেবা সহজিকরণ এবং তথ্যপ্রযুক্তি নির্ভর কেন্দ্রীয় তহবিল ব্যবস্থাপনা কার্যক্রম চলমান আছে।

**জীবন বীমা ই-ইন্সুরেন্স সফটওয়ারে বিদ্যমান ই-সার্ভিসসমূহ**

(ক) প্রিমিয়াম প্রদান:

গ্রাহক তার পলিসির প্রিমিয়াম কর্পোরেশনের নিজস্ব অফিসের পাশাপাশি ডাচ্‌ বাংলা ব্যাংক লিমিটেড এর সকল শাখা, এজেন্ট ব্যাংকিং, নেক্সাস পে কার্ড, অগ্রণী ব্যাংক লিমিটেড এর সকল শাখা, রকেট, নগদ এবং বিকাশের মাধ্যমে প্রিমিয়াম প্রদান করতে পারবেন। এছাড়াও ডাইরেক্ট ডেবিট ইন্সট্রাকশন (ডেবিটপুল) এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক একাউন্ট হতে কর্পোরেশন এর একাউন্টে স্বয়ংক্রিয় ভাবে প্রিমিয়াম কালেকশন এর ব্যবস্থা করা হয়েছে।

(খ) নিজ পলিসির তথ্য দেখা

গ্রাহক তার নিজ পলিসির তথ্য কর্পোরেশনের কোন অফিসে না এসে ঘরে বসেই অনলাইনের মাধ্যমে তার পলিসির তথ্য দেখতে পারবেন।

(পলিসির তথ্য দেখার জন্য কর্পোরেশন এর ওয়েব সাইট www.jbc.gov.bd এর ই-সার্ভিস মেনু থেকে ই-পলিসি ইনফো সাব মেনু নির্বাচন করতে হবে, এর পর গ্রাহক তার পলিসি নম্বর এবং মোবাইল নম্বর অথবা জন্ম তারিখ অথবা পলিসির রিস্ক ডেট (যে কোন একটি) এন্ট্রি দিলে পলিসির বিস্তারিত দেখা যাবে)

(গ) ই-ট্যাক্স রিবেট সার্টিফিকেট:

গ্রাহক তার নিজ পলিসির বিপরীতে সরকার কর্তৃক প্রদত্ত সুবিধা কর রেয়াতের সার্টিফিকেট কর্পোরেশনের কোন অফিসে না এসে ঘরে বসেই অনলাইনের মাধ্যমে ডাউনলোড/কালেকশন করতে পারবেন।

(ট্যাক্স রিবেট সার্টিফিকেট এর জন্য কর্পোরেশনের ওয়েব সাইট www.jbc.gov.bd এর ই-সার্ভিস মেনু থেকে ই-ট্যাক্স রিবেট সার্টিফিকেট সাব মেনু নির্বাচন করতে হবে, এর পর গ্রাহক তার পলিসি নম্বর এবং মোবাইল নম্বর অথবা জন্ম তারিখ অথবা পলিসির রিস্ক ডেট (যে কোন একটি) এন্ট্রি দিয়ে তার তথ্য পোর্টালে প্রবেশ করে আয়কর বছর নির্বাচন করে ট্যাক্স রিবেট সার্টিফিকেট ডাউনলোড করতে পারবেন)।

(ঘ) ই-রিসিপ্ট:

গ্রাহক তার নিজ পলিসির প্রিমিয়াম জমাদানের রিসিপ্ট কর্পোরেশনের নিজস্ব অফিসের পাশাপাশি ঘরে বসেই অনলাইনের মাধ্যমে সংগ্রহ করতে পারবেন।

(ই-রিসিপ্ট সংগ্রহের জন্য কর্পোরেশন এর ওয়েব সাইট www.jbc.gov.bd এর ই-সার্ভিস মেনু থেকে ই-রিসিপ্ট সাব মেনু নির্বাচন করতে হবে, এর পর গ্রাহক তার পলিসি নম্বর এবং মোবাইল নম্বর অথবা জন্ম তারিখ অথবা পলিসির রিস্ক ডেট (যে কোন একটি) এন্ট্রি দিয়ে ই-রিসিপ্ট সংগ্রহ করা যাবে)।

(ঙ) সিস্টেম জেনারেটেড অটোমেটেড মেসেজ:

গ্রাহক প্রিমিয়াম জমাদানের বিপরীতে কর্পোরেশন এর জন্য বিটিআরসি কর্তৃক রেজিষ্ট্রেশন কৃত JBC মাস্কিং হতে একটা কনফার্মেশন মেসেজ পাবেন। এছাড়াও, প্রিমিয়াম ডিউ নোটিশ, ম্যাচুরিটি নোটিশ, এফপিআর নোটিশ ইত্যাদি চালু করা হয়েছে।

(চ) ইএফটির মাধ্যমে পেনশন পরিশোধ

ইএফটির মাধ্যমে পেনশন পলিসি হোল্ডার গ্রাহকদের মাসিক পেনশন প্রদানের উদ্যোগ গ্রহণের করা হয়েছে। ইতোমধ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী এবং রংপুর রিজিওনাল অফিসে চালু করা হয়েছে, পর্যায়ক্রমে অন্যান্য রিজিওনে চালু করা হবে।

(ছ) মেডিক্লেটমি পলিসি:

মেডিক্লেইম পলিসি সহ সীমিত পরিসরে অন্যান্য পলিসি (নন-মেডিক্যাল, ৫ লক্ষ টাকা পর্যন্ত বীমা অংকের পলিসি) কর্পোরেশন এর পোর্টাল এর মাধ্যমে অফিসে না এসে ঘরে বসেই অনলাইনের মাধ্যমে সম্পন্ন করতে পারবেন

(ঝ) প্রিমিয়াম পেমেন্ট

নগদ, রকেট, বিকাশ এবং ডাচ্ বাংলা ব্যাক লিমিটেড ও অগ্রণী ব্যাংক লিমিটেড এর মাধ্যমে গ্রাহকগণ তাদের বীমা পলিসির প্রিমিয়াম পরিশোধ করতে পারেন।

**স্মার্ট বাংলাদেশ বিনির্মানে জীবন বীমা কর্পোরেশনের সাম্প্রতিক উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ:**

১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রতি শ্রদ্ধা এবং কৃতজ্ঞতাবোধ থেকে জাতির পিতার হাতে গড়া জীবন বীমা কর্পোরেশনের প্রধান কার্যালয়ে মুজিব কর্ণার স্থাপন করা হয়েছে।

২. বীমা গ্রহিতাদের আধুনিক ও প্রযুক্তিনির্ভর উন্নত ডিজিটাল সেবা প্রদানের লক্ষ্যে ঢাকা রিজিওনাল অফিসে একটি অত্যাধুনিক সেবা কেন্দ্র স্থাপন করা হয়েছে।

৩. জাতির পিতার জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষে’ বহুবিধ সুবিধাসম্বলিত নতুন বীমা স্কিম- ‘বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা’ চালু করা হয়েছে।

৪. দেশের বিভিন্ন স্থানে অবস্থিত কর্পোরেশনের এসটিডি/এসএনডি ব্যাংক হিসাবের মাসিক ব্যালেন্স নির্দিষ্ট সময়ে বিইএফটিএন-এর আওতায় প্রধান কার্যালয়ে স্থানান্তরের কাজ চালু করা হয়েছে।

৫. বীমাগ্রাহকদের পলিসি সংক্রান্ত তথ্য অনলাইন এবং এসএসএস এর মাধ্যমে প্রেরণের কাজ চালু করা হয়েছে। ফলে গ্রাহকগণ ঘরে বসেই প্রযুক্তির কল্যাণে বহুবিধ বীমা পরিসেবা প্রাপ্ত হন।

৬. অনলাইনের মাধ্যমে এবং বিবিধ মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (বিকাশ, রকেট, নগদ ইত্যাদি) এর মাধ্যমে প্রিমিয়াম জমাকরণের ব্যবস্থা করা হয়েছে।

৭. পেনশন পলিসির ক্ষেত্রে ১০(দশ) বছর পর্যন্ত পেনশনের টাকা গ্রাহকের ব্যাংক হিসাব নম্বরে স্বয়ংক্রিয়ভাবে (EFTN) প্রেরণের কার্যক্রম চালু করা হয়েছে।

৮. কর্পোরেশনের অনলাইন ইন্স্যুরেন্স সিস্টেম আপগ্রেডড পূর্বক অত্যাধুনিক তথ্য প্রযুক্তি নির্ভর ও বহুবিধ সুবিধা সম্বলিত অনলাইন ইন্স্যুরেন্স সিস্টেম চালু হয়েছে।

৯. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্র পাওয়ার জন্য জীবন বীমা পলিসি বাধ্যতামূলক করার প্রেক্ষিতে প্রবাসী কর্মী বীমা সুবিধা প্রদানের জন্য 'প্রবাসী কর্মী বীমা' পরিকল্প ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক তত্ত্বাবধানে জীবন বীমা কর্পোরেশন কর্তৃক সফলভাবে বাস্তবায়িত হয়েছে।

১০. কর্পোরেশনের অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের মাসিক অবসরভাতা সোনালী ব্যাংক হতে বিইএফটিএন-এর মাধ্যমে তাদের ব্যাংক হিসাবে অনলাইনে প্রেরণের কাজ চালু করা হয়েছে।

১১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষে' নতুন গ্রুপ বীমা স্কিম- 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মাধ্যমে জাতীয় বীমা দিবস, ২০২১ এ উদ্বোধনের পর চালু করা হয়েছে।

**কর্মপরিকল্পনাঃ**

কর্পোরেশনে গত ২৮/০১/২০২৪ এবং ২৯/০১/২০২৪ তারিখে "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ" বিষয়ক দুটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাসমূহের প্রধান অতিথি ছিলেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব মফিজ উদ্দীন আহমেদ মহোদয়, সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং মূল প্রবন্ধ উপস্থাপনা করেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপসচিব জনাব ফরিদা ইয়াসমিন মহোদয়। কর্মশালায় কর্পোরেশনের বিভিন্ন ডিভিশনের মহাব্যবস্থাপকগণ সহ জেষ্ঠ্য কর্মকর্তাবৃন্দ অংশগ্রহন করেন।

সংযুক্তি: "জীবন বীমা কর্পোরেশনের" জন্য স্মার্ট বাংলাদেশের কর্মপরিকল্পনা।

22.02.24

(রেজিনা আখতার)
জেনারেল ম্যানেজার (উপসচিব)
আইসিটি ডিভিশন
ইমেইলঃ ict@jbc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

# “স্মার্ট বাংলাদেশ” বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা

| ক্র. | গৃহীত/গৃহীতব্য উদ্যোগের শিরোনাম | যে চ্যালেঞ্জ/সমস্যার সমাধান হবে | প্রত্যাশিত ফলাফল | সংশ্লিষ্ট স্মার্ট বাংলাদেশের স্তম্ভ | সংশ্লিষ্ট অধিক্ষেত্র | ২০২৫ সালে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (%) | ২০৩১ সালে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (%) | ২০৪১ সালে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (%) | উদ্যোগ বাস্তবায়নকারী অফিসের নাম | উদ্যোগ বাস্তবায়নে সহযোগী/অংশীজন অফিসের নাম | প্রয়োজনীয় রিসোর্স | রিসোর্সের সম্ভাব্য উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | ই-ইন্স্যুরেন্স সিস্টেম (eIS) | সম্পূর্ণ অটোমেটেড এবং পেপারলেস বীমা সেবা প্রদান | ১। চতুর্থ শিল্প বিপ্লবের ফ্রন্টিয়ার টেকনোলজি ব্যবহার করে এবং সম্পূর্ণ অটোমেশনের মাধ্যমে অত্যাধুনিক তথ্য প্রযুক্তি নির্ভর ও বহুবিধ সুবিধাসম্বলিত ‘ই-ইন্স্যুরেন্স সিস্টেম’ চালু করে/আপগ্রেড করে বীমার পেনিট্রেশন বৃদ্ধি এবং দ্রুততম সময়ে দাবী নিষ্পত্তিকরণ।<br><br>২। জীবন বীমায় সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ। | ১। স্মার্ট অর্থনীতি<br>২। স্মার্ট সরকারS | ১। ক্যাশলেস সমাজ<br>২। সেবা সহজিকরণ<br>৩। ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি<br>৪। অফিস ব্যবস্থাপনা সহজিকরণ<br>৫। উদ্ভাবন নির্ভর অর্থনৈতিক ব্যবস্থা<br>৬। জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ<br>৭। অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবা | ৫০% | ৮৫% | ১০০% | ১। আইসিটি (অপারেশন) বিভাগ<br>২। আইসিটি (সিস্টেম) বিভাগ<br>৩। ঋণ ও বিনিয়োগ বিভাগ<br>৪। প্রকৌশল বিভাগ<br>৫। আইন বিভাগ<br>৬। হিসাব ও অর্থ বিভাগ | ১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।<br>৩। নির্বাচন কমিশন।<br>৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষ।<br>৫। বাণিজ্যিক ব্যাংক।<br>৬। মোবাইল ফিনেন্সিয়াল সার্ভিস।<br>৭। হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার।<br>৮। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>৯। সম্মানিত বীমাগ্রহীতাগণ | ১। দক্ষ লোকবল<br>২। প্রযুক্তি<br>৩। অর্থ<br>৪। প্রশিক্ষণ | উন্নয়ন সহযোগী সংস্থা, জিওবি ও নিজস্ব তহবিল |
| ২ | স্মার্ট রিস্ক এসেসমেন্ট (আন্ডাররাইটিং) | পলিসিহোল্ডারগণের লাইফ রিস্ক এসেস করে প্রিমিয়াম নির্ধারণ করা (আন্ডাররাইটিং) | চতুর্থ শিল্প বিপ্লবের ফ্রন্টিয়ার টেকনোলজি ব্যবহার করে এবং সম্পূর্ণ অটোমেশনের মাধ্যমে রিস্ক এসেসমেন্ট (আন্ডাররাইটিং) করে বীমাগ্রাহককে দ্রুততম সময়ে বীমা সেবা প্রদান। | ১। স্মার্ট অর্থনীতি<br>২। স্মার্ট সরকার | ১। ক্যাশলেস সমাজ<br>২। সেবা সহজিকরণ<br>৩। ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি<br>৪। অফিস ব্যবস্থাপনা সহজিকরণ<br>৫। উদ্ভাবন নির্ভর অর্থনৈতিক ব্যবস্থা<br>৬। জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ<br>৭। অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবা | ৫০% | ৮৫% | ১০০% | ১। আইসিটি (অপারেশন) বিভাগ<br>২। আইসিটি (সিস্টেম) বিভাগ<br>৩। ঋণ ও বিনিয়োগ বিভাগ<br>৪। প্রকৌশল বিভাগ<br>৫। আইন বিভাগ<br>৬। হিসাব ও অর্থ বিভাগ | ১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।<br>৩। নির্বাচন কমিশন।<br>৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষ।<br>৫। বাণিজ্যিক ব্যাংক।<br>৬। মোবাইল ফিনেন্সিয়াল সার্ভিস।<br>৭। হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার।<br>৮। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>৯। সম্মানিত বীমা গ্রহীতাগণ | ১। দক্ষ লোকবল<br>২। প্রযুক্তি<br>৩। অর্থ<br>৪। প্রশিক্ষণ | উন্নয়ন সহযোগী সংস্থা, জিওবি ও নিজস্ব তহবিল |
| ৩ | অটোমেটেড ক্লেইম ম্যানেজমেন্ট | অটোমেটেড ক্লেইম ম্যানেজমেন্ট এর মাধ্যমে দ্রুত সময়ে ক্লেইম সংক্রান্ত সেবা প্রদান | চতুর্থ শিল্প বিপ্লবের ফ্রন্টিয়ার টেকনোলজি ব্যবহার করে এবং সম্পূর্ণ অটোমেশনের মাধ্যমে বীমাগ্রাহকগণকে দ্রুত সময়ে ক্লেইম সংক্রান্ত সেবা প্রদান। | ১। স্মার্ট অর্থনীতি<br>২। স্মার্ট সরকার | ১। ক্যাশলেস সমাজ<br>২। সেবা সহজিকরণ<br>৩। ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি<br>৪। অফিস ব্যবস্থাপনা সহজিকরণ<br>৫। উদ্ভাবন নির্ভর অর্থনৈতিক ব্যবস্থা<br>৬। জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ<br>৭। অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবা | ৫০% | ৮৫% | ১০০% | ১। আইসিটি (অপারেশন) বিভাগ<br>২। আইসিটি (সিস্টেম) বিভাগ<br>৩। ঋণ ও বিনিয়োগ বিভাগ<br>৪। প্রকৌশল বিভাগ<br>৫। আইন বিভাগ<br>৬। হিসাব ও অর্থ বিভাগ | ১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।<br>৩। নির্বাচন কমিশন।<br>৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষ।<br>৫। বাণিজ্যিক ব্যাংক।<br>৬। মোবাইল ফিনেন্সিয়াল সার্ভিস।<br>৭। হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার।<br>৮। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। | ১। দক্ষ লোকবল<br>২। প্রযুক্তি<br>৩। অর্থ<br>৪। প্রশিক্ষণ | উন্নয়ন সহযোগী সংস্থা, জিওবি ও নিজস্ব তহবিল |

| ক্র. | গৃহীত/গৃহীতব্য উদ্যোগের শিরোনাম | যে চ্যালেঞ্জ/সমস্যার সমাধান হবে | প্রত্যাশিত ফলাফল | সংশ্লিষ্ট স্মার্ট বাংলাদেশের স্তম্ভ | সংশ্লিষ্ট অধিক্ষেত্র | ২০২৫ সালে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (%) | ২০৩১ সালে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (%) | ২০৪১ সালে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা (%) | উদ্যোগ বাস্তবায়নকারী অফিসের নাম | উদ্যোগ বাস্তবায়নে সহযোগী/অংশীজন অফিসের নাম | প্রয়োজনীয় রিসোর্স | রিসোর্সের সম্ভাব্য উৎস |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | ৯। সম্মানিত বীমা গ্রহীতাগণ | | |
| ৪ | স্মার্ট হেলথ (কভারেজ) ইন্স্যুরেন্স | পলিসিহোল্ডারগণকে স্মার্ট হেলথ (কভারেজ) ইন্স্যুরেন্স সেবা প্রদান | ডিজিটাইজেশনের মাধ্যমে পলিসিহোল্ডারগণকে স্মার্ট হেলথ (কভারেজ) ইন্স্যুরেন্স সেবা প্রদান। | ১। স্মার্ট অর্থনীতি<br>২। স্মার্ট সরকার | ১। ক্যাশলেস সমাজ<br>২। সেবা সহজিকরণ<br>৩। ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি<br>৪। অফিস ব্যবস্থাপনা সহজিকরণ<br>৫। উদ্ভাবন নির্ভর অর্থনৈতিক ব্যবস্থা<br>৬। জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ<br>৭। অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবা | ৫০% | ৮৫% | ১০০% | ১। আইসিটি (অপারেশন) বিভাগ<br>২। আইসিটি (সিস্টেম) বিভাগ<br>৩। ঋণ ও বিনিয়োগ বিভাগ<br>৪। প্রকৌশল বিভাগ<br>৫। আইন বিভাগ<br>৬। হিসাব ও অর্থ বিভাগ | ১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।<br>৩। নির্বাচন কমিশন।<br>৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষ।<br>৫। বাণিজ্যিক ব্যাংক।<br>৬। মোবাইল ফিনেন্সিয়াল সার্ভিস।<br>৭। হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার।<br>৮। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>৯। সম্মানিত বীমা গ্রহীতাগণ | ১। দক্ষ লোকবল<br>২। প্রযুক্তি<br>৩। অর্থ<br>৪। প্রশিক্ষণ | উন্নয়ন সহযোগী সংস্থা, জিওবি ও নিজস্ব তহবিল |
| ৫ | ব্যাংকাসুরেন্স (কর্পোরেট এজেন্ট) | ব্যাংকের মাধ্যমে বীমা সেবা প্রদান | সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে ব্যাংকের মাধ্যমে বীমা সেবা প্রদান। | ১। স্মার্ট অর্থনীতি<br>২। স্মার্ট সরকার | ১। ক্যাশলেস সমাজ<br>২। সেবা সহজিকরণ<br>৩। ইনোভেটিভ সার্ভিস ডেলিভারি<br>৪। অফিস ব্যবস্থাপনা সহজিকরণ<br>৫। উদ্ভাবন নির্ভর অর্থনৈতিক ব্যবস্থা<br>৬। জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ<br>৭। অন্তর্ভুক্তিমূলক আর্থিক সেবা | ৫০% | ৮৫% | ১০০% | ১। আইসিটি (অপারেশন) বিভাগ<br>২। আইসিটি (সিস্টেম) বিভাগ<br>৩। ঋণ ও বিনিয়োগ বিভাগ<br>৪। প্রকৌশল বিভাগ<br>৫। আইন বিভাগ<br>৬। হিসাব ও অর্থ বিভাগ | ১। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।<br>২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।<br>৩। নির্বাচন কমিশন।<br>৪। জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষ।<br>৫। বাণিজ্যিক ব্যাংক।<br>৬। মোবাইল ফিনেন্সিয়াল সার্ভিস।<br>৭। হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টার।<br>৮। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।<br>৯। সম্মানিত বীমা গ্রহীতাগণ | ১। দক্ষ লোকবল<br>২। প্রযুক্তি<br>৩। অর্থ<br>৪। প্রশিক্ষণ | উন্নয়ন সহযোগী সংস্থা, জিওবি ও নিজস্ব তহবিল |


রেজিনা আখতার
জেনারেল ম্যানেজার (উপসচিব)
ও
ইনোভেশন অফিসার
ইমেইল- ict@jbc.gov.bd